

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমুদ্র পরিবহন অধিদপ্তর
১৪১-১৪৩, মতিঝিল বা/এ (৮ম তলা)
ঢাকা-১০০০

নং-০৭০/সিএনএস/নেভিগেশন/০৬/৩২৪৩


তারিখঃ ৯/৪/০৯

বিষয় : অভ্যন্তরীণ কার্গো নৌযানে ব্যবহৃত VHF মেরিন বেতার যন্ত্রের অনুকূলে সুদ বাদে বকেয়া সরকারী রাজস্ব যা সুদ বাদে সর্বমোট ৬,২৪,৮০০/- (ছয় লক্ষ চব্বিশ হাজার আট শত) টাকা পরিশোধ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বিভিন্ন সংস্থার নিকট কোষ্টাল ও অভ্যন্তরীণ কার্গো নৌযানে ব্যবহৃত VHF মেরিন বেতার যন্ত্রের অনুকূলে সুদ বাদে সরকারী রাজস্ব সর্বমোট ৬,২৪,৮০০/- (ছয় লক্ষ চব্বিশ হাজার আট শত) টাকা টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (BTRC) এর পাওনা হয়েছে। উক্ত পাওনা (সরকারী রাজস্ব) আদায়ে বিটিআরসি অত্র অধিদপ্তরের সহায়তা কামনা করে। বিটিআরসি'র পক্ষে বর্ণিত নৌযানের অনুকূলে বে-ক্রসিং অনুমোদন বা সার্ভে বা সার্ভে সনদ প্রদানের সময় সংশ্লিষ্ট নৌযান মালিক যাতে বিটিআরসি'র পাওনা পরিশোধ করে, এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ১১/৮/০৮ তারিখে অনুরোধ করা হয়েছিল এবং বিটিআরসি'র পাওনা পরিশোধ না করলে সার্ভে সনদ না প্রদানের জন্যও অনুরোধ করা হয়েছিল, কিন্তু অদ্যাবধি কোন কর্মকর্তার নিকট থেকে কোন জবাব পাওয়া যায় নি।

কিছু কিছু জাহাজ মালিক এখনও বিটিআরসি'র পাওনা পরিশোধ করেনি মর্মে জানা গেছে।

এমতাবস্থায়, এতদসঙ্গে সংযুক্ত তালিকায় উল্লেখিত কোম্পানীসমূহ কর্তৃক বিটিআরসি'র পাওনা পরিশোধ করা হয়েছে, তা নিশ্চিত হয়ে উক্ত জাহাজগুলো সার্ভে করার জন্য পূরণীয় অনুরোধ করা হলো এবং উভয়ক্ষেত্রে যে কোন নৌযান সার্ভের পূর্বে সার্ভেয়ার কর্তৃক বিটিআরসি'র পাওনা পরিশোধ করা হয়েছে মর্মে নিশ্চিত হওয়ার জন্য সার্ভে চেক লিষ্টে বিষয়টি উল্লেখ পূর্বক সার্ভে ডিক্লারেশন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(ক্যাপ্টেন কে, এম, জামীমউদ্দীন সরকার)
চীফ লটিক্যাল সার্ভেয়ার (চলতি দায়িত্ব)

বিতরণ :

- ১। চীফ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, সমুদ্র পরিবহন অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান কর্মকর্তা, নৌ বাণিজ্য অধিদপ্তর, ঢেংগ্রাম।
- ৩। প্রকৌশলী ও জাহাজ জরিপ কারক ও অভ্যন্তরীণ নৌযান রেজিস্ট্রার, সদরঘাট, ঢাকা।
- ৪। প্রকৌশলী ও জাহাজ জরিপ কারক ও অভ্যন্তরীণ নৌযান রেজিস্ট্রার, বরিশাল।
- ৫। প্রকৌশলী ও জাহাজ জরিপ কারক ও অভ্যন্তরীণ নৌযান রেজিস্ট্রার, নারায়নগঞ্জ।
- ৬। প্রকৌশলী ও জাহাজ জরিপ কারক ও অভ্যন্তরীণ নৌযান রেজিস্ট্রার, নৌ বাণিজ্য অধিদপ্তর, ঢেংগ্রাম।
- ৭। প্রকৌশলী ও জাহাজ জরিপ কারক ও অভ্যন্তরীণ নৌযান রেজিস্ট্রার, পুরাতন মংলা বন্দর ভবন, খালিশপুর, খুলনা।
- ৮। মুখ্য পরিদর্শক, অভ্যন্তরীণ জাহাজ পরিদর্শনালয়, সমুদ্র পরিবহন অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি :

IEB ডবল (৬-৮ম তলা), কাম নং,

- ১। চেয়ারম্যান, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (BTRC), সেক্টর ভবন, নিউ-এয়ারপোর্ট-রোড,